

বঙ্গড়া আরডিএ'র বার্ষিক পরিকল্পনা সম্মেলন শুরু

পত্নী উন্নয়ন একাডেমী (আরডিএ) বঙ্গড়া'র ২৬তম বার্ষিক পরিকল্পনা সম্মেলন গতকাল শুরু হয়েছে। দুইদিন ব্যাপি এই সম্মেলনে বার্ষিক পরিকল্পনা সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি, পানি সম্পদ ও পন্থী প্রতিষ্ঠান পরিকল্পনা কমিশন'র সদস্য এ এন শামসুন্দিন আজাদ চৌধুরী। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন বার্ষিক পরিকল্পনা সভার এই আয়োজন সংশ্লিষ্ট গবেষকগণকে নব উদ্যোগে কাজ করার প্রেরণা যোগাবে। পত্নী উন্নয়নে গবেষণালক্ষ মডেল বা প্রযুক্তির কার্যকর সম্প্রসারণের মাধ্যমে দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত হবে, অর্জিত হবে কাঞ্চিত উন্নয়ন, সম্ভব হবে প্রধানমন্ত্রী ঘোষিত রূপকল্প-২০২১ এর সফল বাস্তবায়ন। আরডিএ'র অর্জিত সাফল্যের ধারাবাহিকতা অটুট রাখতে এবং একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় পত্নী উন্নয়ন নিশ্চিত করতে একাডেমীর সকল স্তরের গবেষক, কর্মকর্তা ও কর্মচারিদের আরও কঠোর পরিশ্রম ও নিষ্ঠার সাথে স্ব-সদায়িক্ত পালনে সচেষ্ট হতে হবে। তাদের এই মিলিত উদ্যোগ পত্নী উন্নয়নের ফেরে নতুন দিগন্ত উন্মোচন করবে। অনুষ্ঠানে পত্নী উন্নয়ন একাডেমী, বঙ্গড়া'র ভারপ্রাণ মহাপরিচালক এম এ মতিন বালেন বাংলাদেশের

গ্রামীণ জনগোষ্ঠীই বাংলাদেশের অর্থনৈতির মূল চালিকা শক্তি। তাই গ্রামের উন্নয়ন ব্যক্তিরেকে বাংলাদেশের অর্থনৈতিক মুক্তি অসম্ভব। পত্নী উন্নয়ন একটি গতিশীল ও বহুমাত্রিক সামাজিক ও অর্থনৈতিক কৌশল। গ্রামীণ জনগোষ্ঠীর দারিদ্র্য বিমোচন, আত্ম-কর্মসংস্থান, আর্থ-সামাজিক ও জীবনযাত্রার মানোন্নয়নে পত্নী উন্নয়ন একাডেমী, বঙ্গড়া বিগত চার দশক সময় ধরে পত্নী উন্নয়নে উদ্বেখ্যোগ্য ভূমিকা পালন করে চলেছে। দেশকে টেকসই উন্নয়ন ও অগ্রগতি উপহার দিতে নিরলস প্রচেষ্টা অব্যাহত রাখতে পত্নী উন্নয়ন একাডেমী, বঙ্গড়া বন্ধপরিকর।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে

(৬ পঃ ৩ কঃ নঃ)

বঙ্গড়া আরডিএ'র বার্ষিক

(৩ এর পাতার পর)

উপস্থিত ছিলেন আরডিএ'র সাবেক মহাপরিচালক ড. মোহাম্মদ সোলায়মান, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য প্রফেসর মো: লুৎফুর রহমান খান। ২৬তম বার্ষিক পরিকল্পনা সম্মেলনের কনভেনেন্সের দায়িত্ব পালন করেন হাবিবুর রহমান। অনুষ্ঠানে পত্নী উন্নয়ন একাডেমী, বঙ্গড়ার পরিচালকবৃন্দ, অনুষ্ঠান সদস্যবৃন্দ, দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় থেকে আগত শিক্ষকবৃন্দ, বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান থেকে আগত ব্যক্তিবর্গ, গবেষক, বিশেষজ্ঞসহ একাডেমীর সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। উক্ত অনুষ্ঠানে বিগত ২০১৫-২০১৬ বছরের সম্পাদিত প্রশিক্ষণ, গবেষণা ও প্রায়োগিক গবেষণা কার্যক্রমের পর্যালোচনাসহ ২০১৬-২০১৭ অর্থ বছরের জন্য একাডেমী কর্মপরিকল্পনা প্রণয়ন সভা অনুষ্ঠিত হয়। এরপর একাডেমীর পানি সাক্ষী আয়ুনিক প্রযুক্তির সম্প্রসারণ ও বিস্তার এবং ব্যবস্থাপনার মাধ্যমে ফসলের উৎপাদন বৃক্ষ শীর্ষক প্রায়োগিক গবেষণা প্রকল্পের আওতায় রেইজড বেড (বেড নালা পক্ষতি) প্রযুক্তি এবং গ্রাম পর্যায়ে আয়োব্ধুক কাজে উন্মুক্তকরণে কৃষি যন্ত্রপাতি-পাওয়ার টিলার (বেড ফরমারসহ) বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি সামসুন্দিন আজাদ চৌধুরী প্রকল্পের উপকারভোগীদের মাঝে তিনটি গ্রামে পাওয়ার টিলার বিতরণ করেন। উল্লেখ্য, উক্ত প্রকল্পের আওতায় পরবর্তীতে সর্বমোট ১০০টি পাওয়ার টিলার (বেড ফরমারসহ) নির্বাচিত গ্রাম পর্যায়ে বিতরণ করা হবে। খবর বিজ্ঞিপ্তি।